


# বিপদ্ধ মানুষের সাহায্যার্থে ৫০

## কোটি টাকা

আগরতলা, ৯ জুলাই:  
চন্দশেখর ঘোষ ২০০১ সালে  
একটি এনজিও রূপে বঙ্গন-  
এর যাত্রা শুরু করেছিলেন,  
যার উদ্দেশ্য ছিল মহিলাদের  
ক্ষমতায়ণ ও দারিদ্র্য



দূরীকরণ। প্রবর্তীকালে  
এনজিওর কাজকর্মের পরিধি  
বিস্তৃত হয়ে যায় ও  
উন্নয়ণমূলক কাজ চালানোর  
জন্য দুটি ট্রাস্ট গঠন করা হয়  
- ফিনাসিয়াল ইনকুশন ট্রাস্ট  
(ফিট) ও নর্থ-ইস্ট  
ফিনাসিয়াল ইনকুশন ট্রাস্ট  
(নেফিট)। ২০১৫ সালে বঙ্গন  
ব্যাঙ্ক গঠিত হওয়ার পর ফিট  
ও নেফিট এই ব্যাঙ্কের  
প্রোমোটারের ভূমিকা নিয়েছে।  
বর্তমানে দেশ যে অভূতপূর্ব  
কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে  
চলেছে, সেইসময়ে চন্দশেখর  
ঘোষ ব্যক্তিগত উদ্যোগে এবং  
ফিট ও নেফিট বিপদগ্রস্ত  
মানুষজনের খাদ্য জোগাতে  
এগিয়ে এসেছে। এই কাজের  
জন্য তারা বিভিন্ন রাজ্য  
সরকারকে ২৫ কোটি টাকা  
এবং পিএম কেয়ার্স ফাণ্ড  
২৫,০১,০০,০০১ টাকা দান  
করেছেন। প্রতিটি পরিবারের  
১৫ দিনের খাদ্যের ব্যয় বাবদ  
১,০০০ টাকা ধরে তারা মোট  
৫০,০১,০০,০০১ টাকারও  
বেশি দান করেছেন। এর  
দ্বারা দেশের ৫ লক্ষেরও বেশি  
পরিবার উপকৃত হবে।